

## নকল সম্পর্কে সতর্কতা

### গ্রাহকদের জন্য নকল TOA সম্পর্কিত বিজ্ঞপ্তি

আপনি আসল TOA পণ্য কিনছেন তা নিশ্চিত করার একমাত্র উপায় হলো TOA অনুমোদিত ডিস্ট্রিবিউটর, ডিলার বা রিসেলারের কাছ থেকে সরাসরি কেনা।

আমরা সম্প্রতি পূর্ব এশিয়া অঞ্চলে অবৈধভাবে নির্মিত TOA লোগো লাগানো নকল TOA স্পিকার, ড্রাইভার ইউনিট এবং মাইক্রোফোন অননুমোদিত ডিস্ট্রিবিউটর এবং রিসেলারদের মাধ্যমে বিক্রি হওয়ার কথা জেনেছি।

যদিও এই পণ্যগুলোতে TOA লোগো আছে, এগুলোর দাম প্রকৃত TOA পণ্যের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম এবং প্রথম নজরে অত্যন্ত ভাবে প্রকৃত জিনিসের অনুরূপ মনে হতে পারে, কিন্তু তাদের মান, অভ্যন্তরীণ উপাদান এবং কর্মক্ষমতা আমাদের মান পূরণ করতে ব্যর্থ। এই পণ্যগুলো উপকরণ বা কারিগরী নিপুণতা সংক্রান্ত নিরাপত্তা প্রবিধান পূরণ করতে ব্যর্থ হতে পারে। সতর্ক থাকুন যে নকল পণ্যের ব্যবহারের কারণে সিস্টেম খারাপ হয়ে যাওয়ার এবং একই সেটআপের মধ্যে অন্যান্য সরঞ্জামগুলোর ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকে।

### কিভাবে নকল এড়িয়ে চলতে হবে

1. নকল এড়ানোর জন্য শুধুমাত্র আমাদের অনুমোদিত ডিস্ট্রিবিউটর, বিক্রেতা এবং রিসেলারদের মাধ্যমে আমাদের পণ্যগুলি ক্রয় করুন।
2. কোনও পণ্য আপনি অনুমোদিত ডিস্ট্রিবিউটরদের কাছ থেকে সাধারণত যে ডিসকাউন্টে পেয়ে থাকেন তার চেয়ে বেশি ডিসকাউন্টে সেইসব পণ্য কোনও বিক্রেতা TOA কারখানা বা ডিলারদের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রয়েছে দাবী করে আপনাকে বিক্রি করতে চাইলে সাবধান হবেন। অনলাইন বা অফলাইন উভয় ক্ষেত্রেই এরকম সন্দেহজনক উৎস থেকে ক্রয় করবেন না।
3. প্যাকেজিং খুলে আবার বন্ধ করা হয়ে থাকলে, পুনঃব্যবহৃত হলে অথবা কোনওভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকলে পণ্যটি ক্রয় করবেন না।

## র্যান্ড সুবক্ষা

আমরা আমাদের গ্রাহকদের উচ্চ মানের পণ্য সরবরাহ করার চেষ্টা করি, সেই কারণে এধরনের পণ্যগুলোকে আমরা আমাদের বৌদ্ধিক সম্পত্তির অধিকার লঙ্ঘন এবং আমাদের নিবন্ধিত ট্রেডমার্কগুলোর লঙ্ঘন হিসাবে বিবেচনা করি। আমরা চিহ্নিত দোষীদের দোষারোপ করার জন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষের কাছে সতর্কতামূলক চিঠি পাঠাতে, এবং পিটিশন জমা দিতে দ্বিধাবোধ করব না। প্রয়োজন হলে, এই ধরনের অবৈধ জালিয়াত এবং ডিস্ট্রিবিউটরদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে যাতে অন্তর্ভুক্ত থাকবে অতিরিক্ত আইনি পদক্ষেপ গ্রহণ।

উপরন্তু, আমরা নিম্নলিখিত অনুরোধগুলোর ক্ষেত্রে আপনার বোধশক্তি এবং সমর্থনকে সম্মান জানাই।

1. অনুগ্রহ করে বুঝতে চেষ্টা করুন যে যেসব পণ্য আমাদের অনুমোদিত ডিস্ট্রিবিউটর, ডিলার বা রিসেলারদের থেকে ক্রয় করা হয়নি সেগুলোর জন্য কোনও গুণগত আশ্বাস আমরা প্রদান করব না।
2. অনুগ্রহ করে মনে রাখবেন যে আসল TOA পণ্যের সাথে এই ধরনের জাল পণ্য(সমূহ) ব্যবহার করে সিস্টেমের পুরো বা অংশবিশেষের কোনও ক্ষতি হলে TOA তার দায়বদ্ধতা স্বীকার করবে না।
3. অবিলম্বে আমাদের বিক্রয় প্রতিনিধির সাথে যোগাযোগ করুন যদি কেউ আপনাকে কোন নকল বা সন্দেহজনকভাবে নকল TOA পণ্য বিক্রি করার চেষ্টা করে।

আমরা আপনাদের, আমাদের গ্রাহকদের নিম্নলিখিত ইমেল ঠিকানা ব্যবহার করে পরিচিত বা সন্দেহজনক নকল সম্পর্কে জানিয়ে জাল পণ্যের বিরুদ্ধে এই লড়াইয়ে আমাদের সঙ্গে যোগ দিতে উৎসাহিত করতে চাই: [support@toa.com.sg](mailto:support@toa.com.sg). TOA জাল পণ্য বিতরণের প্রতিরোধে আপনার সহায়তাকে সম্মান জানায়।

নেতিবাচক অভিজ্ঞতা থেকে আমাদের গ্রাহকদের রক্ষা করার জন্য আমাদের প্রচেষ্টার প্রতি আপনার সমর্থনের জন্য এবং এটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ!